

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
মাদ্রাসা শাখা-২  
( www.tmed.gov.bd )

নং- ৫৭.০০.০০০০.০৮৫.৫২.০২.২০১৭(অংশ-৩)-২৯৮

তারিখ: ০১ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ  
১৬ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: এমপিওভুক্ত বেসরকারি মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগপ্রাপ্ত ও কর্মরত এমপিওবিহীন সহকারী শিক্ষক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (কম্পিউটার), সহকারী শিক্ষক(বিজ্ঞান) এবং আলিম স্তরে প্রভাষক(বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) শিক্ষকদের তথ্য যাচাই-বাছাইপূর্বক ছক মোতাবেক তথ্য প্রেরণ।

সূত্র: ১. অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১০২.০২০.০১০.২০১৭-৬০৪, তারিখ: ২০ সেপ্টেম্বর, ২০১৭খ্রি।  
২. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০৮৫.৫২.০২.২০১৭(অংশ-২)-২৪০, তারিখ: ২২/৫/২০১৮খ্রি।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত-১ নং স্মারকে এমপিওভুক্ত বেসরকারি মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগপ্রাপ্ত ও কর্মরত এমপিওবিহীন সহকারী শিক্ষক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি(কম্পিউটার), সহকারী শিক্ষক (বিজ্ঞান) এবং আলিম স্তরে প্রভাষক(বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) শিক্ষকদের এমপিও প্রদানের বিষয়ে কিছু পর্যবেক্ষণ দেয়া হয়। তার আলোকে যাচাই-বাছাইঅন্তে সূত্রোক্ত-২ নং স্মারকে মোট ১,২২৮(বারশত আটাশ) জন শিক্ষককে এমপিও প্রদানে এ বিভাগের সম্মতি দেয়া হয়েছে।

২.০ উল্লেখিতমতে সম্মতি প্রদানের পরে গত ১৩/১১/২০১১খ্রি. তারিখের পূর্বে এবং এ সময়ের পরে নিয়োগপ্রাপ্ত ও কর্মরত এমপিওভুক্ত হতে পারেন নাই এমন কিছু বেসরকারি মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের কাছ থেকে এমপিওভুক্তিকরণে আবেদন পাওয়া গিয়েছে। যাদের আবেদন বিবেচনার দাবী রাখে।

৩.০ এমতাবস্থায়, এমপিওভুক্ত বেসরকারি মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গত ১৩/১১/২০১১খ্রি. তারিখের পূর্বে নিয়োগপ্রাপ্ত ও পরে নিয়োগপ্রাপ্ত (কিন্তু এমপিওভুক্ত হতে পারেনি) এমন সহকারী শিক্ষক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি(কম্পিউটার), সহকারী শিক্ষক (বিজ্ঞান) এবং আলিম স্তরে প্রভাষক(বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) শিক্ষকগণের তথ্যাদি যাচাই-বাছাই করে সংযুক্ত ছক মোতাবেক তালিকা আগামী ৩১/০৭/২০১৮খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

(মো: আবদুল খালেক)  
সহকারী সচিব (মাদ্রাসা-২)  
৯৫৪৯৩৯৬

**মহাপরিচালক**

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার  
লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

**অনুলিপি:**

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। জেলা শিক্ষা অফিসার (সকল).....
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) .....
- ৬। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। অধ্যক্ষ/সুপার .....
- ৮। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। অফিস কপি।